দর্শনায় শহীদ আবু সাঈদ-মীর মুগ্ধ স্মৃতি ফুটবল টুর্নামেন্টর শুভ উদ্বোধন

“খেলা করি, সুস্থ থাকি, খেলাকে পৃষ্ঠপোষক করি ” এই স্লোগানকে সামনে রেখে চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার দর্শনায় শহীদ আবু সাঈদ -মীর মুগ্ধ স্মৃতি আন্তজেলা ফুটবল টুর্নামেন্টর শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার বিকাল ৪ টার দিকে দর্শনা মেমনগর মাধ্যমিক বিদ্যালয় মাঠে রামাজুস ক্লাবের উদ্যোগে এ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধনী অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে টুর্নামেন্টের শুভ উদ্বোধন করেন জেলা বিএনপি’র সংগ্রামী সদস্য সচিব শরিফুজ্জামান শরীফ।

টুর্নামেন্ট পরিচালনা কমিটির সভাপতি জহির রাহানের সভাপতিত্বে সংক্ষিপ্ত আলোচনা সভায় খেলার উদ্বোধক ও প্রধান অতিথি শরীফ বলেন, আজকের প্রজন্মকে সামাজিক অবক্ষয়ের হাত থেকে রক্ষা করতে এ ধরনের বড় আন্তজেলা টুর্ণামেন্টের আয়োজন করতে হবে। ইতিপূর্বেও আমরা দেখেছি দর্শনার মানুষ একটু বেশি খেলা প্রেমি। খেলাধুলা একদিকে যেমন যুবসমাজকে মনশীলতার বিকাশ ঘটায় অন্যদিকে শরীর সুস্থ ও সবল রাখে।

এছাড়া তিনি বলেন, ফ্যাসিবাদ সরকার পতনের আন্দোলনে বন্দুকের গুলির সামনে যারা বুক পেতে দিয়ে শহীদ হয়েছে তাদের স্মরণে এ ধরনের আন্তজেলা ফুটবল টুর্নামেন্টের আয়োজন করাই দর্শনা রামাজুস ক্লাবের সকল সদস্যদের জানায় আন্তরিক ধন্যবাদ। আলোচনা শেষে প্রধান অতিথি ও দলীয় নেতাকর্মীরা পতাকা উত্তোলন শান্তির প্রতীক পায়রা উড়িয়ে ফুটবল টুর্নামেন্টের শুভ উদ্বোধন করেন।

উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, না থানা বিএনপির সভাপতি খাজা আবুল হাসনাত, দর্শনা পৌর বিএনপি’র প্রধান সমন্বয়ক ও জেলা বিএনপির সদস্য হাবিবুর রহমান বুলেট, জেলা বিএনপির সদস্য রাফিত উল্লাহ মহলদার, দর্শনা থানা বিএনপির সাধারণ সম্পাদক আহম্মেদ আলী, দর্শনা পৌর বিএনপির সমন্বয়ক কমিটির সদস্য নাহারুল ইসলাম মাস্টার, জেলা যুবদলের সহ-সাধারণ সম্পাদক একরামুল হক, জেলা

স্বেচ্ছাসেবক দলের সহ-সভাপতি এহসানুল হক স্বরাজ, জেলা যুবদলের সদস্য নাসির উদ্দিন খেদু, সেলিমুল হাবীব, লুৎফর রহমান, রেজাউল করিম, দর্শনা থানা যুবদলের যুগ্ন আহবায়ক মোস্তাফিজুর রহমান মোহন, পৌর যুবদলের সদস্য ব্রাইট, জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক মমিনুর রহমান মালিতা, যুগ্ম সাধারণ সম্পাদক আমানুল্লাহ, জেলা ছাত্রদলের সহ-সভাপতি শরিফুল ইসলাম টোটন, জেলা ছাত্রদলের যুগ্ম সম্পাদক সম্পাদক আরিফ আহমেদ শিপলব, জেলা ছাত্রদলের সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক ইমরান হোসেন, ৬ নং ওয়ার্ড বিএনপি সভাপতি আজিজুল হক, রামাজুস ক্লাবের সভাপতি সাত্তার, সাধারণ সম্পাদক মোস্তাফিজুর রহমান মুক্তা, থানা ছাত্রদলের সদস্য ফরজান হোসেন, সুজন ইসলাম, পলাশ আহমেদ মোফাজ্জল হোসেন মোফা, দর্শনা পৌর ছাত্রদলের আহ্বায়ক আরাফাত হোসেন, সাবেক জাতীয় ফুটবল টিমের খেলোয়ার গিয়াস উদ্দিন পিনা।

উত্তেজনাকর খেলার ফলাফল যশোর জেলা ফুটবল খেলোয়ার কল্যাণ সমিতি ২ গোলে জীবননগর আলোকিত ফুটবল একাডেমিকে পরাজিত করে। প্রধান রেফারি ছিলেন একরামুল হাসান নিপুন সরকারি রেফারি সুভাষচন্দ্র বিশ্বাস ও আলো।